

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
জননিরাপত্তা বিভাগ  
প্রশাসন-৩ শাখা



জননিরাপত্তা বিভাগের অধীন অধিদপ্তর/সংস্থাসমূহের জানুয়ারি ২০২৪ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ মোস্তাফিজুর রহমান, বিপিএএ সিনিয়র সচিব
সভার তারিখ	২৫ জানুয়ারি, ২০২৪
সভার সময়	সকাল ১১:০০ টা
স্থান	সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
উপস্থিতি	পরিশিষ্ট- 'ক'

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় জননিরাপত্তা বিভাগের সকল অতিরিক্ত সচিব, যুগ্মসচিব এবং অধিদপ্তর/সংস্থাসমূহের প্রধানের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন-৩) সভার কার্যপত্রের সিদ্ধান্তসমূহ ধারাবাহিকভাবে সভায় উপস্থাপন করেন। গত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হলে তা কোন সংযোজন বা সংশোধন না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

সভাপতি বলেন যে, এ বিভাগের অধীন দপ্তর/সংস্থার দীর্ঘদিন হতে যে সকল বিষয় অনিষ্পন্ন রয়েছে তা নিষ্পত্তির লক্ষ্যে দপ্তর/সংস্থা হতে প্রেরিত তালিকা অনুবিভাগ প্রধানগণ দপ্তর/সংস্থার প্রতিনিধিগণের সাথে আলোচনান্তে সংযোজন-বিয়োজনপূর্বক হালনাগাদ তালিকা তৈরি করবে। উক্ত তালিকায় যে সকল বিষয় নীতিগত সিদ্ধান্তের জন্য অপেক্ষামান এবং জমি অধিগ্রহণ সংক্রান্ত যে সকল বিষয়াদি পেন্ডিং তালিকায় অন্তর্ভুক্ত করা হয়েছে তা তালিকা হতে বাদ দেয়ার বিষয়ে মতামত প্রকাশ করেন। পেন্ডিং তালিকায় কোন সংযোজন-বিয়োজন হলে তা সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাকে জানিয়ে দিতে হবে মর্মে নির্দেশনা প্রদান করেন। এছাড়াও সামরিক শাসন আমলে যে সকল **Ordinance** বাতিল হয়েছে তা তালিকা হতে বাদ দেয়া এবং যোগুলোর কার্যক্রম চলমান তা অতিদ্রুত ভাষান্তরের কার্যক্রম শেষ করে মন্ত্রিপরিষদ বিভাগ কে অবহিত করতে হবে মর্মে মতামত ব্যক্ত করেন।

সভাপতি বলেন, বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার সূষ্ঠ ও পরিপূর্ণভাবে বাস্তবায়নের জন্য জননিরাপত্তা বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা হতে গৃহীত বিভিন্ন কার্যক্রম এবং দপ্তর/সংস্থার বিভিন্ন ইনোভেশন ও রিফর্ম, সংস্কার বিষয়ে ইতোমধ্যে যে সকল ধারণাসমূহ প্রেরণ করেছে তা নিয়ে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী মহোদয়ের উপস্থিতিতে দিনব্যাপী শোকেসিং কর্মশালা আয়োজন করার উপর গুরুত্বারোপ করেন।

মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বাস্তবায়িত **APA**'র লক্ষ্যমাত্রা অর্জনে অধিদপ্তরসমূহের সূচক অর্জনে যে সকল সমস্যা হয় তা চিহ্নিত করে উল্লেখ সমস্যা সমাধান করতে হবে এবং চলমান অর্থ-বছরে **APA**'র লক্ষ্যমাত্রা অর্জন করে র্যাংকিং সিঙ্গেল ডিজিটে নিয়ে আসার প্রতি গুরুত্বারোপ করেন।

মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী জননিরাপত্তা বিভাগ ও অধীন সকল দপ্তর/সংস্থার ওয়েবসাইট জাতীয় তথ্য বাতায়নের ফ্রেমওয়ার্ক এর আদলে হালনাগাদ অব্যাহত রাখতে হবে। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক পুলিশ অধিদপ্তরের ওয়েবসাইটে মাননীয় মন্ত্রী ও সিনিয়র সচিব মহোদয়ের ছবি আগামী ০৭(সাত) দিনের মধ্যে সংযুক্ত করে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করেন।

বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্র:নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	সামরিক শাসন আমলে গৃহীত যে ৬টি Ordinance বাতিল হয়েছে সেগুলো তালিকা হতে বাদ দিতে হবে এবং যে সমস্ত অধ্যাদেশের কার্যক্রম বহাল আছে সে সমস্ত Ordinance ইংরেজি হতে বাংলা ভাষায় রূপান্তরের কার্যক্রম দ্রুত শেষ করতে হবে।	পুলিশ অধিদপ্তর/ পুলিশ ও এনটিএমসি অনুবিভাগ
০২	জমি অধিগ্রহণ সংক্রান্ত এবং নীতিগত সিদ্ধান্তের জন্য অপেক্ষামান পত্রাদি পেন্ডিং তালিকার বাইরে রাখতে হবে। পেন্ডিং তালিকা হালনাগাদ করণে সংশ্লিষ্ট অনুবিভাগ হতে দপ্তর/সংস্থার সাথে যোগাযোগ করে উভয়ের মতামতের ভিত্তিতে তালিকা প্রকাশ করে দপ্তর/সংস্থাকে জানিয়ে দিতে হবে।	দপ্তর/সংস্থা (সকল)/ অনুবিভাগ (সকল)
০৩	মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বাস্তবায়িত APA'র লক্ষ্যমাত্র অর্জনে জননিরাপত্তা বিভাগের অধীন দপ্তর/সংস্থা যে সকল সূচকে পিছিয়ে আছে তা চিহ্নিত করতে হবে এবং উদ্ভূত সমস্যা সমাধান করে সর্বোচ্চ সূচক অর্জনে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।	দপ্তর/সংস্থা (সকল)/ এপিএ টিম লিডার (অতিরিক্ত সচিব, পুলিশ ও এনটিএমসি)
০৪	নির্বাচনী ইশতেহার বাস্তবায়নকল্পে সকল দপ্তর/সংস্থা কর্তৃক গৃহীত উদ্যোগ ও ইতোমধ্যে প্রেরিত উদ্ভাবন (Innovation), সংস্কার (Reform) ও সুশাসন বিষয়ে একটি শোকেসিং কর্মশালা মাননীয় মন্ত্রী মহোদয়ের উপস্থিতিতে আয়োজন করতে হবে।	দপ্তর/সংস্থা (সকল) /সিস্টেম এনালিস্ট
০৫	মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক APA'র লক্ষ্যমাত্রা অর্জনে পুলিশ অধিদপ্তরের ওয়েবসাইট আগামী ০৭ দিনের মধ্যে জাতীয় তথ্য বাতায়নের আদলে হালনাগাদ করে মাননীয় মন্ত্রী ও সিনিয়র সচিব মহোদয়ের ছবি আবশ্যিকভাবে সংযুক্ত করতে হবে।	পুলিশ অধিদপ্তর /সিস্টেম এনালিস্ট

পরিশেষে সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ মোস্তাফিজুর রহমান, বিপিএএ  
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪৪.০০.০০০০.০২১.০৬.০০১.১৯.২৬

তারিখ: ১৭ মাঘ ১৪৩০  
৩১ জানুয়ারি ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) দপ্তর সংস্থা প্রধান (সকল)।
- ২) অতিরিক্ত সচিব (সকল), জননিরাপত্তা বিভাগ
- ৩) যুগ্মসচিব (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
- ৪) উপসচিব (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
- ৫) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জননিরাপত্তা বিভাগ
- ৬) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ
- ৭) সিনিয়র সহকারী সচিব (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
- ৮) সহকারী সচিব (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়



ফৌজিয়া খান  
উপসচিব